# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নম্বর ১৪

তারিখ : সেপ্টেম্বর ১৮, ২০২৩ / আশ্বিন ০৩, ১৪৩০

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

বিশেষায়িত অঞ্চল (ইপিজেড, ইজেড ও হাইটেক পার্ক)-এ
<u>অবস্থিত প্রতিষ্ঠানের অনুকূলে রপ্তানি প্রণোদনা প্রদান প্রসঙ্গে।</u>

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার নম্বর ৩৪, তারিখঃ নভেম্বর ১০, ২০২১-এর ৪(ক) নম্বর অনুচ্ছেদের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকারি সিদ্ধান্তক্রমে জানানো যাচ্ছে যে, উপরোল্লিখিত এফই সার্কুলারের আওতায় বিশেষায়িত অঞ্চল (ইপিজেড ও ইজেড)-এ অবস্থিত বস্ত্রখাতের টাইপ-এ ও টাইপ-বি প্রতিষ্ঠানের রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার আবেদনের ক্ষেত্রে বাংলাদেশ টেরিটাওয়েল ও লিনেন ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন কর্তৃক তাদের সদস্যদের অনুকূলে ইস্যুকৃত প্রত্যয়ন সনদপত্র (ফরম 'খ-১' অনুসারে) গ্রহণযোগ্য হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট রপ্তানিকারক প্রতিষ্ঠান কর্তৃক উপরোল্লিখিত এফই সার্কুলারের আওতায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (বেপজা ও বেজা) অথবা বাংলাদেশ টেরিটাওয়েল ও লিনেন ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন-এর মধ্যে যে কোনো একটি প্রতিষ্ঠান থেকে ইস্যুকৃত প্রত্যয়ন সনদ আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

০৩। সার্কুলার জারির তারিখ থেকে জাহাজীকৃত পণ্যের ক্ষেত্রে বর্ণিত নির্দেশনা কার্যকর হবে।

আলোচ্য খাতে নগদ সহায়তা প্রদান সংক্রান্ত সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের অপরাপর নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে। বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোন : ৯৫৩০১২৩

[অনুচ্ছেদ ০২, এফই সার্কুলার নম্বর ১৪/২০২৩ দ্রষ্টব্য]

**ফরম 'খ-১'**

## বাংলাদেশ টেরিটাওয়েল ও লিনেন ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন প্রদেয় প্রত্যয়ন সনদপত্র

----------- পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা প্রাপ্তির প্রত্যয়ন সনদপত্র

১। আবেদনকারীর নাম, ইআরসি নম্বর (প্রযোজ্য হলে) ও ঠিকানা :

২। রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র নম্বর : তারিখ : মূল্য :

৩। বিদেশি ক্রেতার নাম ও ঠিকানা :

৪। বিদেশি ক্রেতার ব্যাংকের নাম ও ঠিকানা :

৫। (ক) ইনভয়েস নম্বর : তারিখ :

(খ) ইনভয়েসে উল্লিখিত পণ্যের পরিমাণ : মূল্য :

৬। রপ্তানিকৃত -------------- পণ্য উৎপাদনে স্থানীয় উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) :

পরিমাণ : মূল্য :

৭। রপ্তানিকৃত -------------- পণ্য উৎপাদনে ব্যবহৃত আমদানিকৃত উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) :

পরিমাণ : মূল্য :

৮। রপ্তানি পণ্যের বিবরণ : পরিমাণ : মূল্য :

৯। জাহাজীকরণের তারিখ : গন্তব্য বন্দর :

১০। ইএক্সপি নম্বর : মূল্য : তারিখ :

১১। মোট প্রত্যাবাসিত রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) : নীট এফওবি রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) :

১২। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের সনদপত্র নম্বর : তারিখ :

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, আমাদের নিজস্ব কারখানায় -------------- পণ্য উপরোক্ত ৬ ও ৭ নং ক্রমিকে বর্ণিত সূত্র থেকে উপকরণাদি সংগ্রহের মাধ্যমে রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনার জন্য উপরোক্ত অনুচ্ছেদগুলোতে উল্লিখিত বক্তব্য সঠিক ও নির্ভুল। বিদেশি ক্রেতা/আমদানিকারকের ক্রয়াদেশের যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হলো।

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

এসোসিয়েশনের সদস্য রপ্তানিকারক প্রতিষ্ঠানের উপরোক্ত ঘোষণার যথার্থতা যাচাইয়ান্তে সঠিক পাওয়া গিয়েছে। ৮ নং ক্রমিকে উল্লিখিত ঘোষিত রপ্তানিমূল্য যৌক্তিক ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সঙ্গে সংগতিপূর্ণ পাওয়া গিয়েছে এবং বিদেশি ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত হওয়া গিয়েছে। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের (নীট এফওবি মূল্য) ওপর রপ্তানি প্রণোদনা পরিশোধের সুপারিশ করা হলো।

বাংলাদেশ টেরিটাওয়েল ও লিনেন ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স
এসোসিয়েশন-এর দুইজন উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সীল

[কোনো প্রকার ঘষামাজা, কাঁটাছেড়া বা সংশোধন করা হলে এ প্রত্যয়নপত্র বাতিল বলে গণ্য হবে।]